

জকসুর উদ্যোগে পরীক্ষামূলকভাবে স্টারলিংক চালু

জবি প্রতিনিধি



জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী সংসদ (জকসু) প্রতিনিধিদের উদ্যোগে শিক্ষার্থীদের দীর্ঘদিনের ইন্টারনেট সমস্যার সমাধানে ক্যাম্পাসে পরীক্ষামূলকভাবে স্টারলিংক ইন্টারনেট সংযোগ চালু করা হয়েছে। রবিবার (১ ফেব্রুয়ারি) দুপুর দুইটার দিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক লাউঞ্জে পরীক্ষামূলক কার্যক্রমের উদ্বোধন করেন জকসুর ভিপি মো. রিয়াজুল ইসলাম।

গা পড়ুন



ঢাকার দক্ষিণ সিটিতে গ্যাস সরবরাহে বিঘ্ন, স্বল্পচাপে ভোগান্তি

উদ্বোধনী বক্তব্যে ভিপি বলেন, ‘আমাদের
ইশতেহারের এটি গুরুত্বপূর্ণ ছিল
বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট সমস্যার সমাধান।
শিক্ষার্থীদের জন্য মানসম্মত ও নিরবচ্ছিন্ন
ইন্টারনেট এখন মৌলিক প্রয়োজন।

কিন্তু দুঃখজনকভাবে আমাদের বিশ্ববিদ্যালয়ের
বর্তমান ইন্টারনেট ব্যবস্থা অত্যন্ত বেহাল
অবস্থায় রয়েছে।’

তিনি আরো বলেন, ‘বিডিরেনের সঙ্গে আমাদের
চুক্তি থাকলেও আমরা প্রত্যাশিত মানের সেবা
পাচ্ছি না। ফলে বিকল্প সমাধান হিসেবে
নির্বাচনের আগেই আমরা স্টারলিংক নিয়ে
চিন্তাভাবনা করি। আজ পরীক্ষামূলকভাবে
ওপেন প্লেসে একটি স্টারলিংক সংযোগ স্থাপন
করা হয়েছে, যাতে বিদ্যমান সেবার সঙ্গে তুলনা
করে দেখা যায় কোনটি আমাদের জন্য সবচেয়ে
কার্যকর।

,

সহ সাধারণ সম্পাদক (এজিএস) মাসুদ রানা
বলেন, ‘এই উদ্যোগ কোনো প্রদর্শনী নয়, বরং
তুলনামূলকভাবে যাচাই করার একটি প্রক্রিয়া।

আমরা চাই শিক্ষার্থীরা বাস্তব অভিজ্ঞতা থেকে
বুঝুক কোন সেবাটি কার্যকর। শিক্ষার্থীদের
প্রয়োজনকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েই চূড়ান্ত
সিদ্ধান্ত নেওয়া হবে।’

পড়ুন



ভারত-আমেরিকার ইনসারফ জনগণ
দেখতে চায় না : চরমোনাই পীর

জিএস আব্দুল আলিম আরিফ বলেন,
‘শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম, গবেষণা
এবং অনলাইন শিক্ষাব্যবস্থার সঙ্গে ইন্টারনেট
সরাসরি যুক্ত।

বর্তমান পরিস্থিতিতে ধীরগতির ইন্টারনেট
শিক্ষার্থীদের জন্য বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। এই
পরীক্ষামূলক উদ্যোগের মাধ্যমে আমরা একটি
টেকসই ও দীর্ঘমেয়াদি সমাধানের দিকে
এগোতে চাই।’

তিনি আরো বলেন, ‘যে প্রযুক্তি শিক্ষার্থীদের
জন্য সবচেয়ে ভালো ফল দেবে, সেটিই
ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি রুম ও ল্যাবে
বাস্তবায়নের জন্য প্রশাসনের সঙ্গে আলোচনা
করা হবে।’

